

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ১৬.০২.২৫

## প্রেস বিজ্ঞপ্তি

### চট্টগ্রাম আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৫-এর জমকালো উদ্বোধন

চট্টগ্রামের ফুটবল প্রেমীদের জন্য এক উৎসবমুখর পরিবেশে নগরীর এম.এ.আজিজ স্টেডিয়ামে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, রোটার্যাক্ট ক্লাব অব মেডিক্যাল কমিউনিটি ও পিএইচআর কমিউনিকেশন লিমিটেডের যৌথ আয়োজনে রবিবার সকালে উদ্বোধন হয় চট্টগ্রাম আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৫। এই বিশ্ববিদ্যালয় ভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব জনাব আশরাফুল আমিন। উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হয় প্রিমিয়ার ইউনিভার্সিটি বনাম সার্দান ইউনিভার্সিটি সকাল ১০:০০ টায়। দুই দলের খেলোয়াড়দের চমৎকার পারফরম্যান্সে শুরুতেই দর্শকদের মধ্যে বিপুল উদ্দীপনার সৃষ্টি হয়। মাঠজুড়ে ছিল উৎসবমুখর পরিবেশ, এবং উভয় দলের সমর্থকরা দলকে উৎসাহিত করতে গ্যালারিতে ব্যাপক উদ্দীপনা সৃষ্টি করে। দিনের অপর দুটি ম্যাচ হলো, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বনাম ইউএসটিসি এবং পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বনাম ইনস্টিটিউট অফ অ্যাপ্লাইড হেলথ সাইন্স। এ বছর ১২টি বিশ্ববিদ্যালয়ের

অংশগ্রহণে আয়োজিত এ প্রতিযোগিতা ২৫ ফেব্রুয়ারি গ্র্যান্ড ফিনালের মাধ্যমে সমাপ্ত হবে। প্রতিদিন ৪ টি ম্যাচ অনুষ্ঠিত হবে। উদ্বোধন অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব আশরাফুল আমিন বলেন, চট্টগ্রাম ক্রীড়াঙ্গনের প্রাণকেন্দ্র, এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ের এই টুর্নামেন্ট আমাদের শিক্ষার্থী ও যুব সমাজকে ক্রীড়ার প্রতি অনুপ্রাণিত করবে। সিটি কর্পোরেশন সবসময় ক্রীড়াবান্ধব উদ্যোগকে সমর্থন করে এসেছে এবং ভবিষ্যতেও করবে। এই আয়োজন শুধুমাত্র একটি ফুটবল প্রতিযোগিতা নয়, বরং এটি চট্টগ্রামের শিক্ষার্থী ও ক্রীড়ামোদীদের জন্য একটি মিলনমেলা। আগামী ১০ দিন ধরে চলমান এই প্রতিযোগিতা ফুটবলপ্রেমীদের এক নতুন



অভিজ্ঞতা দেবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সাবেক প্রধান প্রকৌশলী মতিউর রহমান, প্রিমিয়ার ইউনিভার্সিটি রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলা ও মানবিক অনুষদ'র সাবেক ডিন প্রফেসর মনসুর উদ্দীন আহমেদ, পিএইচআর কমিউনিকেশন লিমিটেড চেয়ারম্যান আব্দুর রশিদ। আয়োজকরা জানান, ভবিষ্যতে এই টুর্নামেন্টকে আরও বড় পরিসরে আয়োজনের পরিকল্পনা রয়েছে। এই ক্রীড়া আয়োজন সফল করতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, রোটার্যাক্ট ক্লাব অব মেডিক্যাল কমিউনিটি ও পিএইচআর কমিউনিকেশন লিমিটেড যৌথভাবে কাজ করছে। স্পন্সরদের সহায়তায় প্রতিযোগিতাটি আরও জমকালো হয়ে উঠবে বলে আয়োজক কমিটি আশাবাদী। এসময় আরো উপস্থিত ছিলেন ইভেন্টের অর্গানাইজিং কমিটি প্রোগ্রাম চেয়ার হারুনুর রশিদ আকাশ, প্রোগ্রাম কোর্ডিনেটর এ টি এম ফাউজুল কবির, মিডিয়া কোর্ডিনেটর তনুয় চৌধুরী, ম্যানেজার অপারেশন ফয়সাল হোসেন বাতিন, আশরাফ ইফতি, জিয়ন চৌধুরী, সাজিদ, আদিল, ফাইরোজ, শিপণ, রাফি, অপু, সবুজ, সাবরিনা শায়লা, জাকিয়া, ফাহিম, মুশফিক, আনাজ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অ্যাথলেটিকস ডায়রেক্টর।

এবারের প্রতিযোগী ১২ টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে অংশগ্রহণকারী দলগুলো হচ্ছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, প্রিমিয়ার ইউনিভার্সিটি, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, সাউদার্ন ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি চিটাগং, মেরিন সিটি মেডিকেল কলেজ, ইন্সটিটিউট অব অ্যাপ্লাইড হেলথ সায়েন্স, চট্টগ্রাম কলেজ, হাজী মো. মহসিন কলেজ, গভ. কমার্স কলেজ, সিটি কলেজ, ইসলামিয়া ডিগ্রি কলেজ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮